



নং- কুসক-২০২৩/২০৪

তারিখঃ ০৯.০৬.২৩

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ সম্পর্কিত বিজ্ঞপ্তি**

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এ কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তির জন্য অনলাইনে পূরণকৃত প্রাথমিক আবেদন ফরম নিম্নলিখিত স্থান ও সময়সূচী অনুযায়ী জমা নেয়া হবে।

**ফরম জমার তারিখ ও সময়ঃ ১০/০৮/২০২৩ থেকে ২৯/০৮/২০২৩ খ্রি. পর্যন্ত**

সকাল ১০:০০ টা থেকে ১:০০ টা পর্যন্ত। সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত।

**ফরম জমার স্থানঃ কলেজ লাইব্রেরি ভবন।**

**আবেদন ফরম সংগ্রহ ও জমাদানঃ-** অনলাইনে আবেদন ফরম পূরণের পর <https://sbl.com.bd:7070> লিংকে প্রবেশ করে অথবা Sonali eSheba মোবাইল অ্যাপ এর “National University Fees” মেন্যু থেকে “Application Fee” অপশনে প্রবেশ করে ২৫০/= (দুইশত পঞ্চাশ) টাকা জমা পূর্বক পূরণকৃত আবেদন ফরম, এস.এস.সি’র প্রবেশ পত্র, রেজিস্ট্রেশন কার্ড, নম্বর পত্র ও সনদপত্র ও এইচ.এস.সি’র প্রবেশ পত্র, রেজিস্ট্রেশন কার্ড, নম্বর পত্র ও সনদপত্রের ফটোকপি ০১ (এক) সেট ভর্তি কমিটির নিকট জমা দিতে হবে।

**আবেদনের যোগ্যতা ও শর্তাবলী**

- বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড/উনুষ্ঠ বিশ্ববিদ্যালয়ের যে কোন শাখা থেকে ২০১৮/২০১৯/২০২০ সালের SSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০২০/২০২১/২০২২ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।
- ২০১৮/২০১৯/২০২০ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে ‘বি’ গ্রেডসহ অথচ চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২০/২০২১/২০২২ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে ‘বি’ গ্রেডসহ অথচ দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক জুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর O-Level ও A-Level পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- বিদেশী স্যাটফিকিটধারী শিক্ষার্থীদের (বাংলাদেশের নাগরিক হতে হবে) ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে নম্বরপত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অনুচ্ছেদ-১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক জুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে (degpassnu@gmail.com) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু কোর্সের নাম, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু কোর্সটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, বোর্ড কর্তৃক সমতা নিরূপণের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ অথবা ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তি হওয়ার পর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সে সকল শিক্ষার্থী ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে এ সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে।
- একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল অথবা স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে বৈতনিক ভর্তি হলে তার উভয় ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।
- প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর ছবি/কোন তথ্য জুল অথবা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে ঐ আবেদনকারীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

০৯/০৬/২৩

০৯/০৬/২৩

(প্রফেসর শিশির কুমার রায়)

অধ্যক্ষ

কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।

**কপি বিতরণঃ-**

- উপাধ্যক্ষ, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- আইসিও, ১ম বর্ষ স্নাতক পাস ভর্তি কমিটি- ২০২২-২০২৩, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- তথ্য প্রদানকারী কর্মকর্তা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- লাইব্রেরিয়ান, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- হিসাব রক্ষক, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- ক্যাশিয়ার, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- শাখা সহকারী, ডিগ্রী (পাস) শাখা, কুষ্টিয়া সরকারি কলেজ, কুষ্টিয়া।
- সংরক্ষণ নথি।